দৈনিক ইনকিলাব

FEB 12 2001
তারিখ ... ... ... ... ... ... ...
পৃঃ ৭ কলাম ৩......

# সরকারী কর্মচারী কল্যাণ অধিদফতরের বৃত্তি

বাংলাদেশ সরকারী কর্মচারী কল্যাণ অধিদফতর তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর নন-গেজেটেড সরকারী কর্মচারীদের অধ্যয়নরত ছেলেমেয়েদের (মাধ্যমিক থেকে বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া) জন্য সরকারী বৃত্তির ঘোষণা দিয়েছে।

**যোগ্যতা :** কন্টিজেন্সি ওয়ার্ক চার্জড কর্মচারী, যারা একনাগাড়ে ৫ বছর বা তারও বেশী সময় ধরে চাকরিতে নিয়োজিত আছেন, তাদের সন্তানরাও এ বৃত্তির জন্য আবেদন করতে পারবে। তবে ডাক, তার ও টেলিফোন, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ বিভাগে কর্মরত কর্মচারীদের সন্তানরা এই বৃত্তির জন্য আবেদন করতে পারবে না। এই বৃত্তির জন্য একজন কর্মচারী তার দু'জন সন্তানের জন্য আবেদন করতে পারবেন, এক্ষেত্রে তাদের সন্তানদের অবশ্যই পূর্ববর্তী বার্ষিক পরীক্ষায় প্রত্যেক বিষয়ে পাস নম্বরসহ গড়ে ৪০% নম্বর থাকতে হবে। **আবেদনপত্র সংগ্রহ :** কর্মচারীরা যেসব অফিসে কর্মরত আছেন সেই অফিস কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করে অধিদফতরের নিম্নবর্ণিত কার্যালয়সমূহ বা নিজ নিজ জেলা প্রশাসকের অফিস থেকে কিংবা ডাকযোগে ৪ টাকার ডাকটিকিটযুক্ত ঠিকানা সংবলিত ১০" X ৫" সাইজের খাম প্রেরণ করে ফরম সংগ্রহ করা যাবে। **প্রয়োজনীয় কাগজপত্র :** বৃত্তির জন্য আবেদনকারী প্রার্থীকে আবেদনপত্রের সাথে অবশ্যই বার্ষিক পরীক্ষার মূল নম্বরপত্র এবং উচ্চ মাধ্যমিক ও বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বোর্ড, বিশ্ববিদ্যালয়ের নম্বরপত্র সংযোজন করতে হবে। যদি কেউ মূল নম্বরপত্রের পরিবর্তে ফটোকপি দিতে চায় তাহলে ফটোকপি অবশ্যই সত্যায়িত হতে হবে।

**আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ :** আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ২৮ ফেব্রুয়ারি ২০০১।

**যোগাযোগ :** ১. মহাপরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ অধিদফতর, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (১১ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০। ২. বিভাগীয় পর্যায়ের সকল উপ-পরিচালক।

❑ আকাশ কামরুল